

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**বিশেষ তহবিল ব্যবস্থাপনা ইউনিট**  
**প্রধান কার্যালয়**  
**৮, ডি আই টি এভিনিউ (লেভেল ১৪-১৭), ঢাকা-১০০০।**  
 Email: [agm\\_sfm@icb.gov.bd](mailto:agm_sfm@icb.gov.bd)  
 Phone : 9574234  
 Fax: 88-02-9563313

## মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকার এর জ্ঞাতার্থে জরুরী বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য প্রণোদনা প্যাকেজ প্রণয়ন কমিটি কর্তৃক নির্ধারিত তালিকায় উল্লেখিত সংশ্লিষ্ট মার্চেন্ট ব্যাংক এবং স্টক ব্রোকারদের জন্য, “পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল” নামে একটি তহবিল রয়েছে, যার ব্যবস্থাপনার দায়িত্ব আইসিবির উপর ন্যস্ত। সরকার ঘোষিত উপর্যুক্ত স্কীম হতে যে সকল স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংক এখনো ঋণ গ্রহণ করেনি তাদের নিকট থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, ২০১৭। সরকার ঘোষিত সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে উক্ত ঋণ বিতরণ করা হয়। এখানে উল্লেখ্য যে, “পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের সহায়তা তহবিল” এর মেয়াদ সরকার কর্তৃক নতুন করে ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

সরকার কর্তৃক ঘোষিত উক্ত প্রণোদনা প্যাকেজ এর সুবিধা প্রাপ্তির জন্য পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীগণকে স্ব স্ব মার্চেন্ট ব্যাংক/স্টক ব্রোকারের সাথে যোগাযোগের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ অথবা [www.icb.gov.bd](http://www.icb.gov.bd) ভিজিট করা যেতে পারে।

**মোঃ হামিদুল ইসলাম**  
 সহকারী মহাব্যবস্থাপক